

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২-৬৪৬

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২  
১৮ মে ২০২৫

বিষয়: উদ্যোক্তা ঋণ অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উপপরিচালকের সুপারিশক্রমে নিম্নোক্ত সুফলভোগীদের নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ উদ্যোক্তা ঋণ বর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন করা হলো।

ক্র. নং	সদস্যের নাম, আইডি নং, এবং পিতা/স্বামীর নাম	সমিতির নাম	উপজেলা ও জেলা	জমাকৃত সঞ্চয়	আইজিএ	আবেদনকৃত ঋণের পরিমাণ	অনুমোদিত ঋণের পরিমাণ
১	২	৩	৪	৬	৭	৮	৯
০১	মোছা: মনিরা আক্তার বিউটি (৪০৪৭৬০-০৭-৩৯) পিতা/স্বামী- মো: ইমরান শেখ	ভবরপাড়া ক্যাম্প পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	মুজিবনগর মেহেরপুর	১২৫২৪	গাভী পালন	১২৫০০০	১২৫০০০
০২	মোছা: মানমিলা খাতুন (৪০৪৭৬০-০৭-৪৮) পিতা/স্বামী- মো: রনি মোল্লা	ভবরপাড়া ক্যাম্প পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	মুজিবনগর মেহেরপুর	১২৫০০	গাভী পালন	১২৫০০০	১২৫০০০
০৩	মোছা: ফুলনারা খাতুন (৪০৪৭৬০-০৭-৮৯) পিতা/স্বামী- মো: লিটন আলী	পুরন্দরপুর উত্তর পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	মুজিবনগর মেহেরপুর	১২৫০০	গাভী পালন	১২৫০০০	১২৫০০০
০৪	মোছা: মনজুরা খাতুন (৪০৪৭৬০-৩০-৪৯) পিতা/স্বামী- মো: রবিউল ইসলাম	আনন্দবাস মন্ডল পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	মুজিবনগর মেহেরপুর	২০৩৭৯	গাভী পালন	১২৫০০০	১২৫০০০
মোট						৫০০০০০	৫০০০০০

(মাত্র পাঁচ লক্ষ টাকা)

শর্তবলী:

০১. অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯ তারিখ:২৩.০২.২০২২ মূলে জারিকৃত প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৬ হতে ৫.২৪ নং পর্যন্ত শর্তবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে;
০২. উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলার বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিবিড় মনিটরিং করবেন;
০৩. মঞ্জুরীকৃত ঋণ উদ্যোক্তার ব্যাংক হিসাবে কেবলমাত্র একাউন্ট পেয়ী চেক অথবা কম্পিউটার প্রিন্ট অ্যাডভাইসের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই ঋণ গ্রহীতাকে নগদ বা বাহক চেক মারফত ঋণ প্রদান করা যাবে না;
০৪. জনপ্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/ জেলা প্রশাসক/উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ঋণ বিতরণ পূর্বক ছবি সংরক্ষণ ও সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
০৫. মঞ্জুরীকৃত ঋণ প্রস্তাবিত আইজিএ/প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না। এবং প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ উদ্যোক্তা নিজস্ব তহবিল হতে অর্থায়ন করবেন;
০৬. প্রদত্ত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক প্রকল্পের ছবি প্রেরণ করতে হবে;
০৭. ঋণ বিতরণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ব্যতায় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
০৮. ঋণ বিতরণ, আদায় ও পোস্ট ডেটেড চেকগ্রহণ সংক্রান্ত অত্র দপ্তর হতে স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৭৮ তারিখ:-০৭.১০.২০২৪ খ্রি. ও স্মারক নং-৪৭.৬২.০০০০.১৪.৪০৪.১৩.২০৮৮ তারিখ:-০৮.১০.২০২৪ খ্রি. মূলে জারিকৃত পত্র যথাযথভাবে প্রতিপালন পূর্বক সঠিকভাবে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ঋণ বিতরণ নিশ্চিত করবেন;
০৯. প্রদত্ত নমুনা মোতাবেক কার্যক্রমের সাইনবোর্ড প্রত্যেক ঋণ গ্রহীতা সুফলভোগীর বাড়ীতে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে;
১০. পরবর্তীতে যে সকল মাঠ সংগঠকের ব্লকে উদ্যোক্তা ঋণ কিস্তি খেলাপি ১০% এর বেশি বা মেয়াদোত্তীর্ণ খেলাপি পাওয়া যাবে, সে সকল মাঠ সংগঠকের উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হবে না।

এ.এস.এম, সৌলিয়ামান  
উপপ্রকল্প পরিচালক  
ফোন: ০২-৪১০১০৩৪৩

iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা:-....., জেলা:.....।


পৃষ্ঠা-০১/০২

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২-৬৪৮

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২  
১৮ মে ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০২. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০৩. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)
০৪. সহকারী পরিচালক ও মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০৫. প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সংশ্লিষ্ট উপজেলা)
০৮. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, (সংশ্লিষ্ট উপজেলা)
০৯. অফিস নথি/গার্ড ফাইল।

  
১৬/০৫/২৫

মো: ইয়াজুল ইসলাম  
সহকারী পরিচালক  
ফোন: ০২-৪১০১০৩৪৩